

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৩.২১-২৭

তারিখ: ২৫ মাঘ ১৪২৮

০৮ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (টিএমইডি), শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অডিট নিষ্পত্তির নিমিত্ত ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান।

সূত্র: (১) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৩.২১-১৩৬; তারিখ: ১০ নভেম্বর, ২০২১ খ্রি.

(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৩.২১-২০০; তারিখ: ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর/আইন নিয়ন্ত্রিত ০৪ (চার)টি পলিটেকনিক ইনস্টিটিউটের (সরকারি শিক্ষা প্রতিষ্ঠান) ২০ (বিশ)টি অনিষ্পন্ন অগ্রিম অনুচ্ছেদভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আহ্বানের জন্য দপ্তর/সংস্থা থেকে টিএমইডিতে অনুরোধ পত্র পাওয়ার প্রেক্ষিতে সূত্রস্ব-০১ ও ০২ নং স্মারকমূলে গত গত ২৯.১১.২০২১ খ্রি. তারিখ সোমবার সকাল ১১:০০মি. এবং গত ১৮.০১.২০২২ খ্রি. তারিখ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় যুগ্মসচিব (অডিট ও আইন) -এর সভাপতিত্বে এ বিভাগের পরিবহন পুল ভবনস্থ সভা কক্ষে (১০ম তলা; লিফটের-৯) এক ত্রি-পক্ষীয় সভা আহ্বান করা হয়।

০২. পরবর্তীতে শিক্ষা অডিট অধিদপ্তরের প্রতিনিধিদের বিভিন্ন ব্যবস্থতার কারণে প্রতিনিধি প্রেরণ করতে পারবেন না মর্মে এ বিভাগের সিনিয়র সহকারী সচিব (অডিট)-কে টেলিফোনে জানানো হয়। ফলে সভাটি স্থগিত করা হয়।

০৩. এক্ষণে, আগামী ২৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় টিএমইডি'র পরিবহন পুল ভবনস্থ সভাকক্ষে যুগ্মসচিব (অডিট ও আইন) -এর সভাপতিত্বে নিয়ন্ত্রিত ০৪টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (পলিটেকনিক ইনস্টিটিউট) -এর বিরুদ্ধে উত্থাপিত ২০ (বিশ)টি অগ্রিম অনুচ্ছেদভুক্ত আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাবসমূহ (প্রমাণকসহ) আলোচনা করা হবে এবং ত্রি-পক্ষীয় সভার আলোচনা ও সিদ্ধান্তের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

| ক্রমিক নং | অডিট আপত্তিভুক্ত প্রতিষ্ঠানের নাম                    | অর্থবৎসর  | আপত্তির ধরন | আপত্তির সংখ্যা | মন্তব্য   |
|-----------|--|-----------|-------------|----------------|---|
| ০১.       | কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট, কুষ্টিয়া।           | ১৯৯৮-২০১৯ | অগ্রীম      | ০৬টি           | আপত্তির সংখ্যা বিবেচনায় সভাটি বিকাল ৪:৩০ মি. পর্যন্ত অব্যাহত থাকতে পারে। |
| ০২.       | নরসিংদী পলিটেকনিক ইনস্টিটিউট, নরসিংদী।               | ২০১২-২০১৪ | ঐ           | ০২টি           |   |
| ০৩.       | নারায়ণগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, নারায়ণগঞ্জ। | ১৯৯৫-২০১৬ | ঐ           | ১০টি           |   |
| ০৪.       | চাঁদপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, চাঁদপুর।         | ১৯৯৫-২০১৩ | ঐ           | ০২টি           |   |
|           |  |           | মোট =       | ২০টি           |   |

০৪. এমতাবস্থায়, উপরিস্থ ২০(বিশ)টি অগ্রীম অনুচ্ছেদভুক্ত অডিট আপত্তিগুলি নিষ্পত্তির লক্ষ্যে নির্ধারিত সময়ে নির্ধারিত স্থানে উপযুক্ত প্রতিনিধি (সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে উপ-পরিচালক পর্যায়ের কর্মকর্তার নীচে নয়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

১০-২-২০২২

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৭৫২৭২

বিতরণ :

- ১) মহাপরিচালক, শিক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ (উপ-পরিচালক পর্যায়ের ০২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)।
- ২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা (০২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)।
- ৩) উপসচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অধ্যক্ষ, কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউট, কুষ্টিয়া (০২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)।
- ৫) অধ্যক্ষ, নরসিংদী পলিটেকনিক ইন্সটিটিউট, নরসিংদী (০২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)।
- ৬) অধ্যক্ষ, নারায়ণগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, নারায়ণগঞ্জ (০২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)।
- ৭) অধ্যক্ষ, চাঁদপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, চাঁদপুর (০২ জন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৩.২১-২৭/১

তারিখ: ২৫ মাঘ ১৪২৮  
০৮ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) কম্প্রোটালার এন্ড অডিটর জেনারেল এর একান্ত সচিব, কম্প্রোটালার এন্ড অডিটর জেনারেল অফিস, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩) সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) সহকারী সচিব (সেবা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (২০ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) -এঁর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) অফিস, কপি।

১০-২-২০২২

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব